দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

স্বাক্ষর জালের অভিযোগ

# সিরাজগঞ্জে আট শিক্ষককে শোকজ

সিরাজগঞ্জ প্রতিনিধি

নতুন বেতন স্কেলের বকেয়া বেতন বিলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উচ্চমান সহকারীর স্বাক্ষর জাল করার অভিযোগে সিরাজগঞ্জ সদর উপজেলার ৮ জন প্রাথমিক শিক্ষককে শোকজ করা হয়েছে।

জানা গেছে, জাতীয় বেতন স্কেলের কাগজপত্রে অনুস্বাক্ষরের ঘরে স্বাক্ষর জাল করায় গত রবিবার সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আব্দুস সালেক তাদের শোকজ করেন। শিক্ষকরা হলেন, সিরাজগঞ্জ সদর উপজেলা শিয়ালকোল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আসলাম উদ্দিন, কান্দাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক গোলাম রসুল, রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আনোয়ার হোসেন, রাজীবপুর ইছামতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সোহেল রানা, পোড়াবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বেল্লাল হোসেন, পিপুলবারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বহুলুল হোসেন, খোকশাবাড়ি নিস্তারিণী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আরিফ হোসেন এবং গজারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রেজাউল করিম।

সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুস সালেক বলেন, শোকজের জবাব পেলে এদের বিরুদ্ধে বিভাগীয় মামলাসহ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শহীদুল ইসলাম বলেন, গত ১ মাস আগে বিষয়টি ধরা পড়লেও সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা ব্যবস্থা নিতে কালক্ষেপণ করেন। মিডিয়ার মাধ্যমে বিষয়টি জানার পর ডেপুটেশনে থাকা শিক্ষকদের শোকজ করার নির্দেশ দেয়া হয়।